এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭

চট্টগ্রাম বোর্ড - ২০১৭ বিষয় কোড | ২ | ৫ | ৪ |

বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র (সৃজনশীল)

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট **পূর্ণমান—৭০**

[বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের পূর্ণমান ১০।)

ক - বিভাগ

১। আসলাম কোম্পানি লিঃ এর অনুমোদিত মূলধন, প্রতি শেয়ারে ১০ টাকা করে ৫,০০,০০০ শেয়ার বিভক্ত। ২০১৫ সালে ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ ঃ রেওয়ামিল

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	৩,০০,০০০	
ক্রয় ও বিক্রয়	১৭,৭৫,০০০	৩২,১২,৫০০
ভ্যাট চলতি হিসাব	২,৫০,০০০	
নগদ তহবিল	৯,৫২,৫০০	
আয়কর প্রদান	২,৫০,০০০	
অনাদায়ী পাওনা	১২,৫০০	
ভাড়া (১/৪ অংশ কারখানার)	২,০০,০০০	
বিক্রয়ের উপর বাট্টা	১২,৫০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৩৩,৫০,০০০	২,৫০,০০০
শেয়ার মূলধন (প্রতি শেয়ারে ১০ টাকা হিসেবে ২,৯৬,৫০০ শেয়ার)		২৯,৬৫,০০০
সঞ্চিতি তহবিল		২,৫০,০০০
ক্রয়ের উপর বাট্টা		২৫,০০০
অনাদায়ী পাওনা সঞ্চিতি		২৫,০০০
সংরক্ষিত আয় (১.১.১৫)		৩,৭৫,০০০
	৭১,০২,৫০০	৭১,০২,৫০০

সমন্বয়সমূহঃ (১) সমাপনি মজুদ পণ্যের মূল্য ৮,৭৫,০০০ টাকা। (২) শ্রমিকের ক্ষতিপূরণ মামলা ১২,০০০ টাকা বিচারাধীন রয়েছে। (৩) চলতি বছরের নিট লাভের ৩,০০,০০০ টাকা সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে। (৪) প্রাপ্য হিসাবের ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি করতে হবে। (৫) মূলধনের উপর ১০% লভ্যাংশ ঘোষণা করতে হবে।

ক) বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় কর।

খ) নিট মুনাফা ১৮,২০,০০০ টাকা ধরে সংরক্ষিত আয় বিবরণী তৈরি কর।

গ) ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের মোট সম্পদ ও মোট দায়ের পরিমাণ নির্ণয় কর।

উত্তর : (ক) ১২,২৫,০০০ টাকা। (খ) ১৩,৪৮,৫০০ টাকা। (গ) মোট সম্পদ ৫২,৬০,০০০ টাকা ও মোট দায় ৫,৪৬,৫০০ টাকা।

১। আফজাল লিঃ প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ারে বিভক্ত হয়ে ১,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। ২০১৫ সালে ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ ঃ রেওয়ামিল

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
শেয়ার মূলধন (৮,০০০ শেয়ার)		৮০,০০০
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	২৫,০০০	১২,০০০
পণ্য ক্রয় ও পণ্য বিক্রয়	৭৫,০০০	১,৪০,০০০
ইজারা সম্পত্তি (১০ বছরের জন্য)	১০,০০০	
দালানকোঠা	৪০,০০০	
কলকজা	৬০,০০০	
মজুরি	৬,০০০	
বেতন	১৭,০০০	
বিমা সেলামী	৫,০০০	
বাড়ি ভাড়া	৫,৮০০	

অনাদায়ী পাওনা	১,০০০	
পণ্য ফেরত	৪,০০০	৩,৫০০
লভ্যাংশ প্রদান	১৫,০০০	
সংরক্ষিত আয় (১.১.২০১৫)		৪০,০০০
নগদ	১১,৭০০	
	২,৭৫,৫০০	২,৭৫,৫০০

সমন্বয়সমূহঃ (১) সমাপনি মজুদ পণ্যের ৪০,০০০ টাকা। (২) বকেয়া মজুরি ৫,০০০ টাকা ও বকেয়া ভাড়া ২,০০০ টাকা। (৩) প্রাপ্য হিসাবের ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি করতে হবে। (৪) শেয়ার প্রতি ৩ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করতে হবে। (৫) সঞ্চিতি তহবিলে ৬,০০০ টাকা স্থানান্তর করতে হবে। (৬) দালানকোঠার ৫% এবং কলকজার ১০% অবচয় ধার্য করতে হবে।

ক) নিট ক্রয় ও নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর।

খ) ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে সমাপ্ত বছরের জন্য কোম্পানির আয় বিবরণী তৈরি কর।

গ) উক্ত তারিখে কোম্পানির চলতি মূলধন নির্ণয় কর।

উত্তর : (ক) ৭১,৫০০ টাকা ও ১,৩৬,০০০ টাকা। (খ) নিট মুনাফা ৫২,৪৫০ টাকা। (গ) ৩২,৪৫০ টাকা।

খ - বিভাগ

৩। রূপালী ক্লাবের ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য প্রস্তুত প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ :

রূপালী ক্লাব

প্রাপ্তি ও পদান প্রিদান হিসাব

২০১৫ সালের ৩১ ডিসেম্বের তারিখে সমাপ্ত বছরের জন্য

প্রাপ্তিসমূহ		টাকা	প্রদানসমূহ	টাকা
উদ্বৃত্ত (১.১.২০১৫)		৩০,০০০	বেতন	২০,৫৫০
চাঁদা ঃ			মনিহারি	২,৭৫০
২০১৪	৪০০		টেলিফোন খরচ	১,০০০
২০১৫	২১,০০০		বৈদ্যুতিক সংস্থাপন খরচ	৬,৫০০
২০১৬	৯০০	২২,৩০০	৪% বিনিয়োগ (১.৭.২০১৫)	১০,০০০
বিনিয়োগের সুদ		৫,০০০	আসবাবপত্র ক্রয়	২০,০০০
অনুদান প্রাপ্তি		১৯,০০০	অন্যান্য খরচ	৭,৫০০
চারণ কর		১৫,০০০		
আপ্যায়ন হতে মুনাফা		১৫,৭৫০	উদ্বৃত্ত (৩১.১২.২০১৫)	৩৮,৭৫০
		১,০৭,০৫০		১,০৭,০৫০

অন্যান্য তথ্যাবলি : (১) ক্লাবের ২২৫ জন সদস্য প্রত্যেকে বার্ষিক ১০০ টাকা হারে চাঁদা প্রদান করে। ১.১.২০১৫ তারিখে অগ্রিম চাঁদার পরিমাণ ছিল ৮০০ টাকা। (২) ৩১.১২.২০১৪ তারিখে ৭০০ টাকা এবং ৩১.১২.২০১৫ তারিখে ১,৭০০ টাকা মনিহারি উদ্বৃত্ত ছিল। (৩) বিগত বছরের অন্যান্য খরচ চলতি বছরে পরিশোধ করা হয়েছে ১,২০০ টাকা। (৪) ১.১.২০১৫ তারিখে ৪% বিনিয়োগ ১,৪০,০০০ টাকা এবং দালানকোঠা ১,১০,০০০ টাকা ছিল। দালনের ৫% অবচয় ধরতে হবে। (৫) অনুদানের ৫০% মুনাফাজাতীয় প্রাপ্তি হিসেবে ধরতে হবে।

ক) ১.১.২০১৫ তারিখে ক্লাবটির মূলধন তহবিলের পরিমাণ নির্ণয় কর।

খ) ৩১.১২.২০১৫ তারিখে ক্লাবের আয় ব্যয় হিসাবের আয় পার্শ্বের সমষ্টি নির্ণয় কর।

গ) ৩১.১২.২০১৫ তারিখে ক্লাবের মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর।

উত্তর : (ক) ২,৭৯,১০০ টাকা। (খ) ৬৮,৫৫০ টাকা। (গ) ৩,২২,৯৫০ টাকা।

৪। নদী ও সাগর একটি কারবারের দুইজন অংশীদার। ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে উত্তোলন ও মুনাফার অংশ সমন্বয় করার পর তাদের মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১,১০,০০০ টাকা ও ৯০,০০০ টাকা। পরবর্তীতে দেখা গেল যে, মূলধন ও উত্তোলনের উপর বার্ষিক ৫% হারে সুদ এবং সাগরের জন্য প্রদেয় মাসিক ৬০০ টাকা হারে বেতন হিসাবভুক্ত হয়নি। তারা নিজেদের মধ্যে ১০,০০০ টাকা বন্টনযোগ্য মুনাফা সমান হারে ভাগ করে নিয়েছিল। অংশীদারদের প্রত্যেকের উত্তোলনের উত্তোলনের পরিমাণ ছিল ১০,০০০ টাকা। উত্তোলনের উপর এক বছরের সুদ ধার্য করতে হবে।

ক) অংশীদারদের বার্ষিক উত্তোলনের সুদ নির্ণয় কর।

খ) লাভ/ লোকসান সমন্বয় হিসাব প্রস্তুত কর।

গ) মূলধনের সুদ মুনাফা বা ক্ষতির অংশ, বেতন ও উত্তোলনের সুদের জাবেদা দাখিলা দাও।

উত্তর : (ক) ৫০০ টাকা ও ৫০০ টাকা। (খ) ক্ষতি ৮,৩৫০ টাকা ও ৮,৩৫০ টাকা। (গ) জাবেদার যোগফল ৩৫,৪০০ টাকা।

৫। নিম্নে সোনালী কোম্পানির তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী দেওয়া হলঃ

আর্থিক অবস্থার বিবরণ

বিবরণ	২০১৫ টাকা	২০১৪ টাকা
সম্পত্তিঃ		
নগদ তহবিল	৭০,০০০	২০,০০০
প্রাপ্য হিসাব	৮৮,০০০	৭৮,০০০
সমাপনি মজুদ পণ্য	১,৯০,০০০	১,৯৯,০০০
ভূমি ও দালানাকোঠা	৭০,০০০	১,১০,০০০
কলকব্জা ও যন্ত্রপাতি	২,৭৫,০০০	২,০০,০০০
(অবচয় সঞ্চিতি)	(৬০,০০০)	(২৬,০০০)
	৬,৩৩,০০০	৫,৮১,০০০
দায় ও মূলধনঃ		
প্রদেয় নোট	১,৫০,০০০	২,০০,০০০
প্রদেয় হিসাব	৩৯,০০০	৪৭,০০০
সাধরণ শেয়ার	২,২০,০০০	১,৭৮,০০০
সংরক্ষিত আয়	২,২৪,০০০	১,৫৬,০০০
	৬,৩৩,০০০	৫,৮১,০০০

অন্যান্য তথ্যাবলিঃ (১) ২০১৫ সালের নিট লাভ ছিল ১,১৩,০০০ টাকা। (২) নগদ লভ্যাংশ প্রদান ৪৫,০০০ টাকা। (৩) পুস্তকমূল্যে ভূমি বিক্রয় করা হয়েছে। (৪) সাধারণ শেয়ার ইস্যু করা হয়েছে ৪২,০০০ টাকা। (৫) চলতি বছর ৫০,০০০ টাকার প্রদেয় নোট পরিশোধ করা হয়েছে।

ক) কত টাকায় ভূমি বিক্রয় করা হয়েছে ?
খ) পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহ নির্ণয় কর।
গ) অর্থায়ন কার্যক্রম হতে নগদ প্রবাহ নির্ণয় কর।

উত্তর : (ক) ৪০,০০০ টাকা। (ক) ১,৩৮,০০০ টাকা। (গ) নিট নগদ ব্যবহার ৫৩,০০০ টাকা।

৬। ঝর্ণা লিমিটেড প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ২,০০,০০০ শেয়ারে বিভক্ত মোট ২০,০০,০০০ টাকার মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি ৭০% শেয়ার জনসাধারণের নিকট বিক্রির উদ্দেশ্যে ইস্যু করে। জনসাধারণ ১২০% শেয়ারের আবেদন করে। কোম্পানি ১০০% শেয়ার জনসাধারণের নিকট বিলি করে। কোম্পানি তার অবলেখক সামস এন্ড কোং কে ২% কমিশন প্রদান করে।

ক) আবেদনকৃত শেয়ারের সংখ্যা ও বিলিকৃত শেয়ারের সংখ্যা নির্ণয় কর।
খ) উপযুক্ত লেনদেনগুলো জাবেদাভুক্ত কর।
গ) আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর।

উত্তর : (ক) ১,৬৮,০০০ শেয়ার ও ১,৪০,০০০ শেয়ার (খ) জাবেদার যোগফল ৩৩,৮৮,০০০ টাকা। (গ) ১৪,০০,০০০ টাকা।

৭। আকরাম লিমিটেড আর্থিক বিবরণীর কিছু তথ্য নিম্নে প্রদান করা হলঃ

মজুদ পণ্য	টাকা ১৫,০০,০০০
প্রাপ্য হিসাব	১৩,৭০,০০০
নগদ তহবিল	১০,৩০,০০০
প্রদেয় হিসাব	১৩,০০,০০০
ব্যাংক জমাতিরিক্ত	১১,০০,০০০

বছরে বিক্রয়ের পরিমাণ ৬০,০০,০০০ টাকা এবং কোম্পানি বিক্রয়ের উপর ৩৩.৩৩% লাভে পণ্য বিক্রয় করে।

ক) বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় কর।
খ) কার্যকরী মূলধন অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় কর।
গ) মজুদ আবর্তন অনুপাত ও প্রাপ্য হিসাব আবর্তন অনুপাত নির্ণয় কর।

উত্তর : (ক) ৪০,০০,০০০ টাকা। (খ) ০.৬৩ ঃ ১ ও ১.৮৫ ঃ ১। (গ) ২.৬৭ বার ও ৪.৩৮ বার।

৮। আলম লিমিটেড এর ২০১৫ সালের উৎপাদন ব্যয় সংক্রান্ত নিম্নোক্ত উদ্বৃত্তসমূহ দেয়া হলো ঃ

বিবরণ	১.১.১৫ টাকা	৩১.১২.১৫ টাকা
কাঁচামাল	১৪,০০০	১১,০০০
আংশিক উৎপাদিত পণ্য	২০,০০০	১৮,০০০
উৎপাদিত পণ্য (১৫০ একক)	৩৫,০০০	

সংশ্লিষ্ট বছরে অন্যান্য তথ্যাবলি ছিল নিম্নরূপঃ		
কাঁচামাল ক্রয়		২,২৫,০০০
প্রত্যক্ষ মজুরি		১,৭৫,০০০
কারখানা উপরিব্যয়		১,৫০,০০০
বিক্রয় (২,২৫০ একক)		৭,৫০,০০০
সমাপনি মজুদ পণ্য (২৫০ একক)		

উৎপাদন ব্যয়ের উপর ৩০% প্রশাসনিক ব্যয় এবং বিক্রয়ের উপর ৭% বিক্রয় খরচ ধার্য করতে হবে।

ক) মুখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় কর।

খ) বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় কর।

গ) আয় বিবরণী প্রস্তুত কর।

উত্তর : (ক) ৪,০৩,০০০ টাকা। (খ) ৫,৩১,১৭০ টাকা। (গ) নিপ মুনাফা ৪৩০ টাকা।

৯। আদম ম্যানুফ্যাকচারিং কোম্পানি এর ২০১৫ সালের ডিসেম্বর মাসের কাঁচামাল ক্রয় এবং ইস্যু সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপঃ

তারিখ	ক্রয়	তারিখ	ইস্যু
ডিসেম্বর ১	প্রারম্ভিক উদ্বৃত্ত ৪০০ একক ৫.০০ টাকা হারে।	ডিসেম্বর ৯	ইস্যু ৪১০ একক।
৭	ক্রয় ২০০ একক ১০.৪০ টাকা হারে।	১১	ইস্যু ৪৫ একক।
১৬	ক্রয় ৩৫০ একক ১১.০০ টাকা হারে।	১৯	ইস্যু ২১০ একক।
২১	ক্রয় ৪১০ একক ১১.৮০ টাকা হারে।	২৮	ইস্যু ৩১০ একক।
৩১	কারখানা হতে ফেরত ৪০ একক।		

গুদামরক্ষক ২৯ তারিখে ৪০ একক মাল ঘাটতি পেয়েছেন।

ক) ডিসেম্বর মাসে মোট ক্রয়ের পরিমাণ এককে নির্ণয় কর।

খ) ১,৭,৯ ও ২৯ তারিখের তথ্য ব্যবহার করে FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর।

গ) ১,১১,১৯ ও ২১ তারিখের তথ্য ব্যবহার করে ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর।

উত্তর: (ক) ৯৬০ একক (ক) সমাপনি মজুদ ১৫০ একক, মূল্য ১,৫৬০টাকা। (গ) সমাপনি মজুদ ৫৫৫ একক, মূল্য ৫,৫৬৩টাকা।

১০। আকাশ কর্পোরেশনের নিম্নলিখিত তথ্য প্রদত্ত হলো–

একক প্রতি বিক্রয়মূল্য ৬০০ টাকা। একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ৪০০ টাকা। মাসিক স্থায়ী সবয় ১৫,০০,০০০ টাকা। মাসিক বিক্রয় ২০,০০,০০০ টাকা।

ক) একক প্রতি অনুদান প্রাপ্ত ও অনুদান প্রাপ্ত অনুপাত নির্ণয় কর।

খ) সমচ্ছেদ বিক্রয় এককে ও টাকায় নির্ণয় কর। নিরাপত্তা প্রাপ্ত একক এবং নিরাপত্তা প্রাপ্ত অনুপাত নির্ণয় কর।

গ) মাসিক বিক্রয় ২৪,০০০ একক এবং একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ৪২০ টাকা হলে এককে এবং টাকায় নিরাপত্তা প্রাপ্ত নির্ণয় কর।

উত্তর: (ক) ২০০ ও ৩৩.৩৩% (খ) ৭,৫০০ ও ৪৫,০০০ এবং ১২,৫০০ একক ও ৬২.৫০% (গ) ১৫,৬৬৭ একক ও ৯৪,০০,২০০

১১। ২০১৬ সালের জুন মাসে হাতিল ফার্নিচার লিমিটেড এর কারখানায় কর্মরত দুইজন শ্রমিকের মজুরি সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

বিবরণ	রবিন টাকা	মনির টাকা
মূল মজুরি	৬,০০০	৪,০০০
বাড়ি ভাড়া ভাতা	৪০%	৪০%
চিকিৎসা ভাতা	৪০০	৪০০
ওভার টাইমের পরিমাণ	১৫ ঘন্টা	২০ ঘন্টা
কল্যাণ তহবিলে কর্তন	৫০	৫০
যৌথ বিমা (সর্বনিম্ন ১০০ টাকা) তহবিলে কর্তন	২%	২%
প্রভিডেন্ট ফন্ডে কর্মীর দান	৫%	৫%
প্রভিডেন্ট ফান্ডে নিয়োগকর্তার দান	৫%	৫%

জুন মাসের মোট স্বাভাবিক কর্মঘন্টা ছিল ২০০ ঘন্টা। ওভারটাইমের মজুরি হারের দ্বিগুণ প্রদান করা হয়।

ক) ওভার টাইম মজুরির পরিমাণ নির্ণয় কর।

খ) ২০১৬ সালের জুন মাসের নিট প্রদেয় মজুরির পরিমাণ নির্ণয় কর।

গ) হাতিল ফার্নিচার লিমিটেড এর মজুরি সংক্রান্ত জাবেদা দাখিলা দাও।

উত্তর : (ক) ৯০০ টাকা ও ৮০০ টাকা। (খ) নিট মজুরি ৯,২৩০ ও ৬,৪৫০ টাকা। (গ) জাবেদার যেগিফল ৪৯,৬৮০ টাকা।

বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র

বিষয় কোড | ২ | ৫ | ৪ |

সময় ঃ ৩০ মিনিট **বহুনির্বাচনি অভিক্ষা** পূর্ণমান—৩০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১। অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুতের পদ্ধতি হল-

i) স্থায়ী মূলধন পদ্ধতি ii) সমন্বিত মূলধন পদ্ধতি iii) পরিবর্তনাশীল মূলধন পদ্ধতি **নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

২। সময়ের সাথে সম্পর্কিত ব্যয়কে কি বলে ?

(ক) কালীন ব্যয় (খ) উপরিব্যয় (গ) সুযোগ ব্যয় (ঘ) কারখানা ব্যয়

৩। নিচের কোনটি কারখানা ব্যয়নির্দেশ করে ?

(ক) মুখ্য ব্যয় + কারখানা উপরিব্যয় + প্রশাসনিক উপরিব্যয় (খ) মুখ্য ব্যয় + কারখানা উপরিব্যয় + চলতি কার্য

(গ) শ্রম ব্যয় + কারখানা উপরিব্যয় (ঘ) মুখ্য ব্যয় + কারখানা উপরিব্যয়

৪। কোম্পনি ব্যবসায় বিলোপসাগনের সময় সব্যশেষ নিচের কোন দেনা পরিশোধ করা হয় ?

(ক) আগ্রাধিকার শেয়ারহোল্ডারদের (খ) বন্ড বা ঋণপত্রের ধারকদের

(গ) সাধারণ শেয়ারহোল্ডারদের (ঘ) বিবিধ পাওনাদারদের

৫। কোম্পানির অনুমোদিত মূলধনের যে অংশ বিক্রয়ের উদ্দেশ্যে বিবরণপত্র প্রচার করা হয় তাকে কি বলে ?

(ক) বিলিকৃত মূলধন (খ) ইস্যুকৃত মূলধন (গ) সংরক্ষিত মূলধন (ঘ) পরিশোধিত মূলধন

৬। চলতি অনুপাত ৩ ঃ ১ এবং চলতি সম্পত্তি ১৮,০০০ টাকা হলে চলতি দায় কত ?

(ক) ৪,৫০০ টাকা (খ) ৬,০০০ টাকা (গ) ১০,৫০০ টাকা (ঘ) ১২,০০০ টাকা

৭। বিনিয়োগ কার্যক্রম হতে নগদ আন্তঃ প্রবাহ হল–

i) স্থায়ী সম্পদ বিক্রয় হতে নগদ প্রাপ্তি ii) ঋণপত্র বিক্রয় হতে নগদ প্রাপ্তি iii) বিনিয়োগ বিক্রয় হতে নগদ প্রাপ্তি **কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাওঃ

চৌরঙ্গী ক্লাবের ২০১৬ সালের ৩১শে ডিসেম্বর বছরে চাঁদা বাবদ প্রাপ্তি ছিল ৮০,০০০ টাকা, যার মধ্যে ২০১৫ সালের অনাদায়ী চাঁদা ৫,০০০ টাকা, ২০১৭ সালের অগ্রিম চাঁদা ৮,০০০ টাকা অন্তর্ভুক্ত আছে। চলতি বছরের চাঁদা আদায় হয়নি ১,০০০ টাকা ।

৮। ২০১৬ সালের চাঁদা বাবদ আয়ের পরিমাণ কত ?

(ক) ৬৭,০০০ টাকা (খ) ৬৮,০০০ টাকা (গ) ৭৭,০০০ টাকা (ঘ) ৭৮,০০০ টাকা

৯। অগ্রিম চাঁদা প্রাপ্তি ৮,০০০ টাকা হিসাবভুক্ত হবে–

i) প্রারম্ভিক মূলধন তহবিলের সাথে বিয়োগ করে ii) আয়– ব্যয় হিসাবে প্রাপ্ত চাঁদা হতে বিয়োগ করে

iii) আর্থিক অবস্থার বিবরণীতে অগ্রিম চাঁদা হিসাবখাতে দায় হিসাবে অন্তর্ভুক্ত হবে **নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

১০। পরিবহন সংক্রান্ত শর্ত হল–

i) ২/১০, Net/ ৩০ ii) FOB Shipping Point iii) FOB Destination **নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

১১। নিচের কোনটি অলীক সম্পত্তি ?

(ক) শেয়ার বাট্টা (খ) প্যাটেন্ট (গ) ট্রেডমার্ক (ঘ) সুনাম

নিচের উদ্দীপকটি পড় এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাওঃ ২০১৬ সালের আর্থিক বছরে শিবম লিমিটেড এর নিট লাভ ২,০০,০০০ টাকা। উক্ত বছরে কলকজা বিক্রয় করে ৫০,০০০ টাকা পাওয়া যায়, পক্ষান্তরে আসবাবপত্র ক্রয় বাবদ ৪০,০০০ টাকা প্রদান করা হয়েছে। এছাড়াও শেয়ারের বিপরীতে ৫,০০,০০০ টাকার ভূমি ক্রয় করা হয়েছে।

১২। বিনিয়োগ কার্যক্রম হতে নিট নগদ প্রবাহের পরিমাণ কত ?

(ক) ১০,০০০ টাকা (খ) ৪০,০০০ টাকা (গ) ৫০,০০০ টাকা (ঘ) ৯০,০০০ টাকা

১৩। শেয়ার বিনিময়ে ভূমি ক্রয় না করে নগদ টাকায় ক্রয় করলে এর প্রভাবে--

i) পরিচালনা কার্যক্রমের নিট নগদ প্রবাহ হ্রাস পাবে ii) বিনিয়োগ কার্যক্রমের নিট নগদ প্রবাহ হ্রাস পাবে

iii) ব্যবসায়ের মোট সম্পদের পরিমাণ অপরিবর্তিত থাকবে **নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাওঃ মিঃ বাবলু একজন ব্যবসায়ী। ২০১৬ সালে তার ব্যবসায়ে নিট বিক্রয়ের পরিমাণ ৫,০০,০০০ টাকা। তিনি বিক্রীত পণ্যের ব্যয়ের উপর ২৫% হারে মোট মুনাফায় পণ্য বিক্রয় করেন।

১৪। মিঃ বাবলুর ব্যবসায়ের বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ কত ?
(ক) ৩,৭৫,০০০ টাকা (খ) ৪,০০,০০০ টাকা (গ) ৬,০০,০০০ টাকা (ঘ) ৬,২০,০০০ টাকা

১৫। মি. বাবলু বিক্রয়মূল্যের উপর ২০% হারে মুনাফায় পণ্য বিক্রয় করলে তার কারবারের আর্থিক অবস্থার কি পরিবর্তন হবে ?
(ক) মুনাফা বৃদ্ধি পাবে (খ) মুনাফা হ্রাস পাবে (গ) মাকিলকানা স্বত্ব হ্রাস পাবে (ঘ) মুনাফা অপরিবর্তিত থাকবে

১৬। অব্যবসায়ী প্যতিষ্ঠনের আয়ের প্রধান উৎস নিচের কিনটি ?
(ক) ম্যাগাজিন বিক্রয় (খ) অনুদান (গ) সভ্যগণের চাঁদা (ঘ) প্রবেশ ফি

১৭। নগদ প্রবাহ বিবরণীর কার্যক্রমকে কয়ভাগে ভাগ করা হয়েছে ?
(ক) ২ ভাগে (খ) ৩ ভাগে (গ) ৪ ভাগে (ঘ) ৫ ভাগে

১৮। নিচের কোনটি গুরুত্বপূর্ণ অনগদ কার্য়ক্রম ?
(ক) ইস্যুকৃত শেয়ার পুনঃ ক্রয় (খ) অবচয় (গ) সম্পত্তি বিক্রয়জনিত ক্ষতি (ঘ) লভ্যাংশ বাবদ শেয়ার ইস্যু

১৯। চুক্তিপত্রে উল্লেখ না থাকলেও অংশীদারগণ নিচের কোনটির অধিকারী হবেন ?
(ক) প্রদত্ত ঋণের উপর সুদ (খ) বিনিয়োজিত মূলধনের উপর সুদ (গ) ব্যবস্থাপনার জন্য মাসিক বেতন (ঘ) বিক্রয় বৃদ্ধির উপর কমিশন

২০। অব্যবসায়ী প্রতিষ্ঠানের মূলধন তহবিল নির্ণয় করতে নিচের কোন দফাটি বিয়োগ করতে হবে ?
(ক) বিগত বছর অগ্রিম বেতন ৩,৬০০ টাকা (খ) বিগত বছর সদস্যগণের অপরিশোধিত চাঁদার পরিমাণ ৩,৬০০ টাকা
(গ) বিগত বছর প্রদত্ত তিন মাসের অগ্রিম বিমার ৩,৬০০টাকা (ঘ) বিগত বছরে মনিহারি বাবদ অপরিশোধিত ৩,৬০০ টাকা

২১। পাবলিক লিমিটেড কোম্পনিতে ন্যূনতম পরিচালক সংখ্যা কত ?
(ক) ২ জন (খ) ৩ জন (গ) ৫ জন (ঘ) ৭ জন

২২। কোম্পানি আইন অনুযায়ী শেয়ার অবহারের সর্বোচ্চ হার কত ?
(ক) ৫% (খ) ৮% (গ) ১০% (ঘ) ১২%

২৩। ত্বরিৎ অনুপাতের আদর্শমান কোনটি ?
(ক) ১ : ১ (খ) ২ : ১ (গ) ৩ : ১ (ঘ) ৪ : ১

২৪। সরবরাহ যানের অবচয় কোন ধরণের ব্যয় ?
(ক) প্রশাসনিক উপরিব্যয় (খ) কারখানা উপরিব্যয় (গ) বিক্রয় উপরিব্যয় (ঘ) প্রত্যক্ষ ব্যয়

২৫। অংশীদারদের চলতি হিসাবের জের হতে পারে--
i) ডেবিট ii) ক্রেডিট iii) শূন্য নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৬। একক প্রতি ব্যয় স্থির থাকে কিন্তু মোট ব্যয় পরিবর্তনশীল এই বৈশিষ্ট্যের ব্যয়কে বলা হয় --
(ক) পরিবর্তনশীল ব্যয় (খ) আধা-পরিবর্তনশীল ব্যয় (গ) পণ্য ব্যয় (ঘ) রূপান্তর ব্যয়

২৭। ব্যবস্থাপনা হিসাববিজ্ঞানের উদ্দেশ্য নিচের কোনটি --
(ক) লেনদেনের সুষ্ঠু লিপিবদ্ধকরণ (খ) সিদ্ধান্ত গ্রহণে তথ্য সরবরাহ
(গ) আর্থিক ফলাফল নির্ণয় (ঘ) আর্থিক ফলাফল বিশ্লেষণ

২৮। এককে সমচ্ছেদ বিন্দু নির্ণয়ের সূত্র নিচের কোনটি ?
(ক) দত্তাংশ/বিক্রয় (খ) স্থায়ী ব্যয়/ দত্তাংশ (গ) মুনাফা/একক প্রতি দত্তাংশ (ঘ) স্থায়ী ব্যয়/একক প্রতি দত্তাংশ

২৯। বাজেট কী ?
(ক) ভবিষ্যৎ পরিকল্পনার সংখ্যাত্মক প্রকাশ (খ) ভবিষ্যতের পরিকল্পনা প্রণয়ন
(গ) প্রতিষ্ঠানের সিদ্ধান্ত গ্রহনের দলিল (ঘ) প্রতিষ্ঠান পরিচালনার রূপরেখা

৩০। বিগত বছরের বকেয়া আয়ের কিছু অংশ চলতি বছর আদায় হয়েছে, এ জাতীয় দফার জন্য প্রভাবিত হবে--
i) প্রারম্ভিক সম্পত্তি ii) চলতি বছরের আয় iii) সমাপনি সম্পত্তি নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

উত্তরপত্র

১। গ	২। ক	৩। ঘ	৪। গ	৫। খ	৬। খ	৭। গ	৮। খ	৯। খ	১০। খ	১১। ক	১২। ক	১৩। খ	১৪। খ	১৫। ঘ
১৬। গ	১৭। খ	১৮। ঘ	১৯। ক	২০। ঘ	২১। খ	২২। গ	২৩। ক	২৪। গ	২৫। ঘ	২৬। ক	২৭। খ	২৮। ঘ	২৯। ক	৩০। খ